রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বুধবার, ফেব্রুয়ারি ১৯, ২০২০**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩০ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ/১৩ ফেব্রুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ

**এস. আর. ও. নং ৫০-আইন/২০২০।**—জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৮ (২০১৮ সনের ৪৫ নং আইন) এর ধারা ২৪ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। **শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ বিধিমালা, ২০২০ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **"অনানুষ্ঠানিক শিক্ষা"** অর্থ অসংগঠিত ও নির্দিষ্ট কোনো কাঠামোবিহীন শিক্ষা ব্যবস্থা;

(খ) **"অ্যাসেসমেন্ট"** অর্থ কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত অ্যাসেসর এর মাধ্যমে দক্ষতামান যাচাই প্রক্রিয়া;

(গ) **"অ্যাক্রিডিটেশন"** অর্থ কর্তৃপক্ষ কর্তৃক কোনো কোর্স পরিচালনার আনুষ্ঠানিক স্বীকৃতি প্রদান;

(ঘ) **"আইন"** অর্থ জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৮ (২০১৮ সনের ৪৫ নং আইন);


**মূল্য :** টাকা ২০.০০

(ঙ) **"উপানুষ্ঠানিক শিক্ষা"** অর্থ আনুষ্ঠানিক শিক্ষার বাহিরে ঝরিয়া পড়া ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর সক্ষমতা বৃদ্ধির উদ্দেশ্যে পরিচালিত এবং পদ্ধতিগতভাবে বিন্যস্ত শিখন প্রক্রিয়া যাহা জীবনব্যাপী শিক্ষা পর্যন্ত বিস্তৃত;

(চ) **"কর্তৃপক্ষ"** অর্থ আইনের ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ;

(ছ) **"জাতীয় কারিগরি বৃত্তিমূলক যোগ্যতা কাঠামো (National Technical Vocational Qualification Framework—NTVQF)"** অর্থ সরকার অনুমোদিত জাতীয় কারিগরি ও বৃত্তিমূলক যোগ্যতা কাঠামো;

(জ) **"পূর্বঅভিজ্ঞতার স্বীকৃতি"** অর্থ আইনের ধারা ৬ এর উপ-ধারা (১) এর দফা (ঘ) অনুযায়ী পূর্বঅভিজ্ঞতার স্বীকৃতি;

(ঝ) **"দক্ষতা"** অর্থ আইনের ধারা ২ এর দফা (৫) এ সংজ্ঞায়িত দক্ষতা;

(ঞ) **"দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রতিষ্ঠান"** অর্থ দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদানকারী কোনো প্রতিষ্ঠান;

(ট) **"শিক্ষানবিশি (Apprenticeship)"** অর্থ এমন একটি দক্ষতা প্রশিক্ষণ ব্যবস্থা যাহার মাধ্যমে একজন নিয়োগকারী এক বা একাধিক ব্যক্তিকে শিক্ষানবিশ হিসাবে নিয়োজিত করার জন্য চুক্তি করে, এবং তাহাদেরকে শিল্প ও প্রশিক্ষণ প্রতিষ্ঠানে পদ্ধতিগতভাবে কোন একটি পেশায় পূর্বনির্ধারিত সময়কালের জন্য প্রশিক্ষণ প্রদান করে;

(ঠ) **"শিল্প দক্ষতা পরিষদ"** অর্থ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কোনো এক বা একাধিক শিল্প সেক্টর বা উহার আওতাধীন উপ-সেক্টরের প্রতিনিধিত্বশীল সংস্থাগুলোর সমন্বয়ে গঠিত এবং কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীন অলাভজনক প্রতিষ্ঠান হিসাবে নিবন্ধিত শিল্প দক্ষতা পরিষদ;

(ড) **"শিল্প সংযুক্তিকরণ"** অর্থ পারস্পরিক উন্নয়নে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রতিষ্ঠান ও শিল্প বা সেবাদানকারী প্রতিষ্ঠানের সংযোগ স্থাপন; এবং

(ঢ) **"শ্রমবাজার"** অর্থ কর্মের চাহিদা রহিয়াছে এইরূপ যে কোনো পেশা বা বৃত্তির জাতীয় ও আন্তর্জাতিক শ্রমবাজার।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। **কর্তৃপক্ষের কার্যক্রম পরিচালনা।**—(১) কর্তৃপক্ষ কার্যক্রম পরিচালনার সুবিধার্থে নির্বাহী চেয়ারম্যান কর্তৃপক্ষের অন্যান্য সদস্যের সমন্বয়ে সভা অনুষ্ঠান করিতে পারিবেন।

(২) নির্বাহী চেয়ারম্যান কর্তৃক উক্তরূপ সভার তারিখ, সময় ও স্থান নির্ধারিত হইবে এবং তিনি উক্ত সভায় সভাপতিত্ব করিবেন।

(৩) নির্বাহী চেয়ারম্যানের অভিপ্রায় অনুযায়ী উক্তরূপ সভার কার্যসূচি নির্ধারিত হইবে ।

(৪) উক্তরূপ সভায় সভাপতিসহ প্রত্যেক সদস্যের একটি করিয়া ভোট থাকিবে এবং সংখ্যাগরিষ্ঠ ভোটের ভিত্তিতে সভায় সিদ্ধান্ত গৃহীত হইবে, তবে প্রদত্ত ভোটের সমতার ক্ষেত্রে সভার সভাপতির একটি নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

(৫) উক্তরূপ সভায় কর্তৃপক্ষের দুই-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে সভার কোরাম গঠিত হইবে।

(৬) নির্বাহী চেয়ারম্যান কোনো বিষয়ে বিশেষায়িত মতামত গ্রহণের প্রয়োজনে সভায় বিশেষজ্ঞ বা সিদ্ধান্ত গ্রহণের সুবিধার্থে সংশ্লিষ্ট কোনো ব্যক্তিকে আমন্ত্রণ জানাইতে পারিবে।

৪। **জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি, কৌশল ও কর্মপরিকল্পনা।**—(১) আইনের ধারা ৬ এর উপ-ধারা (১) এর দফা (ক) এর অধীন প্রণীত কর্মপরিকল্পনায় বিভিন্ন মন্ত্রণালয় বা বিভাগের অধীন দক্ষতা উন্নয়ন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠান, এনজিও, বেসরকারি খাত কর্তৃক পরিচালিত ও সরকার নির্ধারিত অন্য কোন উপায়ে পরিচালিত দক্ষতা উন্নয়ন কার্যক্রম এবং শিল্প দক্ষতা পরিষদ এর কার্যাবলী অন্তর্ভুক্ত হইবে।

(২) কর্তৃপক্ষ জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি ও কর্মপরিকল্পনা বাস্তবায়ন পরিবীক্ষণ করিবে।

৫। **কর্মকৃতি নির্দেশক, অভিন্ন পাঠ্যক্রম প্রণয়ন, ইত্যাদি।**—(১) কর্তৃপক্ষ দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রতিষ্ঠানের কর্মকৃতি নির্দেশক নির্ধারণ ও উহা বাস্তবায়নের জন্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তিসহ অন্যান্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

(২) কর্তৃপক্ষ দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রতিষ্ঠানের জন্য অভিন্ন পাঠ্যক্রম প্রণয়ন, প্রশিক্ষণ উপকরণ অনুমোদন, প্রশিক্ষণের মান নিরূপণ এবং উহাদের বাস্তবায়ন সম্পর্কিত কার্যক্রম সমন্বয়, পরিবীক্ষণ ও মূল্যায়ন করিবার লক্ষ্যে নিম্নবর্ণিত কার্যাদি সম্পন্ন করিবে, যথা :—

(ক) জাতীয় ও আন্তর্জাতিক মানের ভিত্তিতে দেশের অভ্যন্তরে স্তরভিত্তিক দক্ষ জনশক্তির চাহিদা অনুযায়ী শ্রেণিবিন্যাসিত পেশা কাঠামো তৈরি করা;

(খ) জাতীয় কারিগরি বৃত্তিমূলক যোগ্যতা কাঠামোর অথবা কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত অন্য কোনো যোগ্যতা কাঠামোর স্তর অনুসরণে খাতভিত্তিক শিল্পের জনশক্তির চাহিদা পূরণে পেশার শ্রেণিবিন্যাস করা;

(গ) স্থানীয় ও বৈদেশিক জনশক্তির চাহিদার আলোকে কর্ম ও পেশার আদর্শমান নির্ধারণ করা;

(ঘ) কর্ম ও পেশার আদর্শমানের ভিত্তিতে পাঠ্যক্রম প্রণয়ন, শিল্পের ও কমিউনিটির বিশেষ চাহিদাভিত্তিক পাঠ্যক্রম প্রণয়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট শিল্প দক্ষতা পরিষদ ও অংশীজনদের প্রতিনিধিত্ব নিশ্চিত করিবে।

(৩) কর্তৃপক্ষ নিবন্ধিত দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রতিষ্ঠানের অভিন্ন প্রশিক্ষণ পাঠ্যক্রম বাস্তবায়ন সম্পর্কিত কার্যক্রম সমন্বয় করিবার নিমিত্ত সক্ষমতাভিত্তিক প্রশিক্ষণ উপকরণ, প্রশিক্ষণ ম্যানুয়াল, অ্যাসেসমেন্ট গাইড এবং শিল্প সংযুক্তি বা শিক্ষানবিশি গাইড প্রণয়ন, ইত্যাদি কাজে শিল্প দক্ষতা পরিষদ অথবা, ক্ষেত্রমত, সংশ্লিষ্ট শিল্প বা বাণিজ্য সংঘ, বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন অথবা পেশাজীবী বা বৃত্তিমূলক কর্মজীবী বা ন্যাশনাল কো-অর্ডিনেশন কমিটি ফর ওয়ার্কার্স এডুকেশন (এনসিসিডব্লিউই) বা গুরুত্বপূর্ণ শিল্প প্রতিষ্ঠানের সহায়তা গ্রহণ করিতে পারিবে।

(৪) কর্তৃপক্ষ একটি নির্দিষ্ট সময় অন্তর অন্তর প্রশিক্ষণ চলাকালীন এবং প্রশিক্ষণ শেষে নির্ধারিত নিরীক্ষক দ্বারা দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রতিষ্ঠানের কর্মসূচি পরিবীক্ষণ ও মূল্যায়ন করিবে।

৬। **শ্রম বাজারের পূর্বাভাস প্রদান।**—(১) জাতীয় ও আন্তর্জাতিক শ্রম বাজারের পূর্বাভাস প্রদানের লক্ষ্যে কর্তৃপক্ষ—

(ক) সেক্টর বা সাব-সেক্টরভিত্তিক জরীপ, শুমারী ও গবেষণাপূর্বক দেশীয় শ্রমবাজারের চাহিদা নিরূপণ, শ্রমবাজারের পূর্বাভাস সংক্রান্ত নির্দেশক তৈরি, আর্থ-সামাজিক পরিবর্তন ও প্রযুক্তিগত পরিবর্তনে শ্রমবাজারে উহার প্রভাব বিশ্লেষণ এবং অংশীজনের পরামর্শ গ্রহণ করিয়া নিয়মিত শ্রমবাজারের পূর্বাভাস প্রকাশ করিতে পারিবে;

(খ) আন্তর্জাতিক শ্রমবাজারের পূর্বাভাস প্রকাশে তথ্য সংগ্রহের প্রয়োজনে এবং নতুন শ্রমবাজারের সন্ধানে জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি), বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট সার্ভিসেস লিমিটেড (বোয়েসল), বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস, বাংলাদেশে অবস্থিত বিদেশী দূতাবাস, International Labour Organization (ILO), International Organization for Migration (IOM), বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সি (বায়রা), আন্তর্জাতিক গবেষণা প্রতিষ্ঠান, পরামর্শক প্রতিষ্ঠান এবং অন্যান্য বহুজাতিক উন্নয়ন সংস্থার সহায়তা গ্রহণ করিতে পারিবে; এবং

(গ) নিয়মিত বিরতিতে দক্ষতার চাহিদা ও সরবরাহের তথ্য প্রকাশে কর্তৃপক্ষের গবেষণাপুলের সদস্য, বিশ্ববিদ্যালয়, পরামর্শক প্রতিষ্ঠান, স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠান, শিল্প দক্ষতা পরিষদ, বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন, আন্তর্জাতিক বা দেশীয় নিয়োগকারী সংস্থা, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রতিষ্ঠান, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) এবং অন্যান্য সংশ্লিষ্ট সংস্থার সহায়তা গ্রহণ করিতে পারিবে।

(২) কর্তৃপক্ষ খাতভিত্তিক দক্ষতার তথ্যভাণ্ডার প্রতিষ্ঠাকল্পে—

(ক) শিল্প দক্ষতা পরিষদ বা, ক্ষেত্রমত, বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন বা বাণিজ্য সংগঠনের নিকট হইতে প্রাপ্ত তথ্য, আন্তর্জাতিক বা বহুজাতিক নিয়োগকারী প্রতিষ্ঠান, শ্রমবাজারের পূর্বাভাস বিশ্লেষণ, বৃহৎ শিল্প প্রতিষ্ঠানের তথ্য-উপাত্ত বিশ্লেষণ, উপানুষ্ঠানিক, অনানুষ্ঠানিক খাতের তথ্য সংগ্রহ এবং বিবিএস ও সরকারের বিভিন্ন দপ্তরের গবেষণা কার্যক্রম থেকে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে দক্ষতা চাহিদার উপাত্ত ব্যবস্থা গড়িয়া তুলিতে পারিবে;

(খ) দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রতিষ্ঠান, পূর্বঅভিজ্ঞতার স্বীকৃতি কার্যক্রম, শিল্প প্রতিষ্ঠানের নিজস্ব দক্ষতা উন্নয়ন কার্যক্রম, বিভিন্ন সরকারি-বেসরকারি এনজিও এর নিকট হইতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে দক্ষতার যোগানের উপাত্ত ব্যবস্থা গড়িয়া তুলিতে পারিবে;

(গ) বিদেশগামী কর্মী ও বিদেশ প্রত্যাগত কর্মীর তথ্য এবং তাহাদের প্রশিক্ষণের চাহিদা উপাত্ত তথ্যভান্ডারে অন্তর্ভুক্ত করিতে পারিবে ; এবং

(ঘ) প্রাথমিক, নিম্ন-মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিক পর্যায়ের ঝরে পড়া শিক্ষার্থীদের তথ্য ও তাহাদের প্রশিক্ষণের চাহিদা উপাত্ত তথ্যভান্ডারে অন্তর্ভুক্ত করিতে পারিবে।

৭। **কেন্দ্রিয় স্কিল পোর্টাল স্থাপন।**—কর্তৃপক্ষ একটি কেন্দ্রিয় স্কিল পোর্টাল স্থাপন করিয়া উহার সকল কার্যক্রম উহাতে অন্তর্ভুক্ত করিতে পারিবে।

৮। **অনলাইনভিত্তিক প্রশিক্ষণ ব্যবস্থা।**—কর্তৃপক্ষ অনলাইনভিত্তিক দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ কার্যক্রম চালু করিতে পারিবে।

৯। **পূর্ব অভিজ্ঞতার স্বীকৃতি।**—(১) স্বপ্রশিক্ষিত, অনলাইনে প্রশিক্ষিত, শিল্প প্রতিষ্ঠানে অনানুষ্ঠানিকভাবে প্রশিক্ষিত, বিদেশে কর্মরত ও বিদেশ হইতে প্রত্যাগত দক্ষ কর্মী, আনুষ্ঠানিক, উপানুষ্ঠানিক, অনানুষ্ঠানিকভাবে অর্জিত দক্ষতাসম্পন্ন কর্মী ও শিল্প প্রতিষ্ঠানে কর্মরত কর্মীদের তফসিলে উল্লিখিত ফি প্রদানপূর্বক ফরম-১ অনুযায়ী আবেদনের প্রেক্ষিতে কর্তৃপক্ষ যোগ্যতার ভিত্তিতে পেশাগত দক্ষতামান অনুযায়ী যোগ্যতার স্তর যাচাই করিয়া পূর্ব অভিজ্ঞতার স্বীকৃতি প্রদানপূর্বক সনদায়ন করিবে।

(২) পূর্ব অভিজ্ঞতার স্বীকৃতি প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষ সংশ্লিষ্ট পেশার স্বীকৃত অ্যাসেসর দ্বারা নির্বাচিত অ্যাসেসমেন্ট সেন্টারে অ্যাসেসমেন্ট সম্পন্ন করিবে।

(৩) অ্যাসেসমেন্ট সেন্টার স্বীকৃতি, প্রশিক্ষণার্থী অ্যাসেসমেন্ট ও অ্যাসেসর অ্যাসেসমেন্টের জন্য কর্তৃপক্ষ নির্ধারিত হারে ফি আদায় করিতে পারিবে।

১০। **দক্ষতা উন্নয়ন সংক্রান্ত সকল প্রকল্প ও কর্মসূচি পরিবীক্ষণ ও সমন্বয়।**—দক্ষতা উন্নয়ন সংক্রান্ত প্রকল্প ও কর্মসূচি পরিবীক্ষণ ও সমন্বয়ের উদ্দেশ্যে কর্তৃপক্ষ—

(ক) দক্ষতা উন্নয়ন সংক্রান্ত প্রকল্প ও কর্মসূচি গ্রহণ, প্রণয়ন, অনুমোদন ও বাস্তবায়ন পর্যায়ে বা, ক্ষেত্রমত, উহাদের মেয়াদ বর্ধিতকরণের ক্ষেত্রে প্রতিনিধিত্ব ও পরামর্শ প্রদান করিতে পারিবে;

(খ) প্রকল্প গ্রহণে দ্বৈততা পরিহার, যথার্থতা নিশ্চিতকরণ, সেক্টরভিত্তিক চাহিদা পূরণ, অগ্রাধিকার, ইত্যাদি বিষয়ে সংশ্লিষ্ট প্রকল্প বা কর্মসূচি গ্রহণকারী কর্তৃপক্ষ বা সংস্থাকে পরামর্শ প্রদান করিবে;

(গ) প্রযুক্তি হস্তান্তর ও প্রযুক্তি পরিচালনায় দক্ষ কর্মী উন্নয়ন কার্যক্রমের অংশ হিসাবে বৃহৎ আকারের উন্নয়ন প্রকল্পে পর্যাপ্ত সংখ্যক স্থানীয় প্রযুক্তিবিদ, পেশাজীবী ও জাতীয় পর্যায়ের সনদায়িত দক্ষ কর্মী অন্তর্ভুক্তির লক্ষ্যে প্রকল্প বাস্তবায়নকারী ও সংশ্লিষ্ট অন্যান্য সংস্থার সাথে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবে; এবং

(ঘ) পরিবীক্ষণ ও মূল্যায়ন প্রতিবেদন প্রকল্প নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করিবে।

১১। **দক্ষতা প্রশিক্ষণের মান উন্নয়ন।**—(১) দক্ষতা প্রশিক্ষণের মান উন্নয়নে পেশার আদর্শমান অনুযায়ী অবকাঠামোগত উন্নয়ন, প্রশিক্ষকের মান উন্নয়ন, অ্যাসেসরের মান উন্নয়ন এবং এতদুদ্দেশ্যে প্রণীত প্রশিক্ষণ কোর্স অ্যাক্রিডিটেশন ডকুমেন্ট অনুযায়ী ল্যাব বা ওয়ার্কশপ এর আদর্শমান নির্ধারণ, ল্যাব ও ওয়ার্কশপ এর যন্ত্রপাতি ও সরঞ্জামের মান নির্ধারণ এবং প্রতিষ্ঠানভিত্তিক মান উন্নয়নে কর্তৃপক্ষ অংশীজনদের মতামতের ভিত্তিতে দক্ষতা প্রশিক্ষণের মান উন্নয়ন নির্ণায়ক চূড়ান্ত করিবে।

(২) প্রশিক্ষণের গুণগতমানের সমতা বিধানের লক্ষ্যে কোর্স অ্যাক্রিডিটেশন ডকুমেন্ট অনুযায়ী প্রশিক্ষণ প্রদানের জন্য নির্ধারিত ফি প্রদান করিয়া প্রশিক্ষণ প্রতিষ্ঠানকে কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করিতে হইবে।

(৩) প্রশিক্ষণের মান উন্নয়নের লক্ষ্যে কর্তৃপক্ষ কর্তৃক সনদায়িত প্রশিক্ষক ও অ্যাসেসরের একটি পুল তৈরি করিবে।

(৪) প্রশিক্ষণ উপকরণ, প্রশিক্ষণ পদ্ধতি, প্রশিক্ষণে ব্যবহৃত যন্ত্রপাতি উদ্ভাবন ও মান উন্নয়নে কর্তৃপক্ষ নির্ণায়ক নির্ধারণ করিবে এবং এতদুদ্দেশ্যে প্রতিযোগিতার আয়োজন ও পুরস্কার প্রদান করিতে পারিবে।

১২। **সনদায়ন।**—(১) কর্তৃপক্ষ দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ শেষে অ্যাসেসমেন্ট প্রক্রিয়ায় উত্তীর্ণ প্রশিক্ষণার্থীকে জাতীয় যোগ্যতা কাঠামো স্তর অনুযায়ী জাতীয় পর্যায়ে সনদায়ন বা, ক্ষেত্রমত, ই-সনদায়ন করিবে :

তবে শর্ত থাকে যে, কোনো প্রশিক্ষণার্থী অ্যাসেসমেন্ট প্রক্রিয়ায় শতভাগ কৃতকার্য না হইলে তিনি কোনো পেশার যে কোনো স্তরে এক বা একাধিক ইউনিট অব কম্পিটেন্সিতে যোগ্য প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ তাহাকে স্টেটমেন্ট অব অ্যাচিভমেন্ট (আংশিক দক্ষতা অর্জন) সনদায়ন করিতে পারিবে এবং তিনি পুনঃঅ্যাসেসমেন্ট প্রক্রিয়ায় অংশগ্রহণের মাধ্যমে শতভাগ দক্ষতা প্রদর্শন করিলে কর্তৃপক্ষ তাহাকে দক্ষতার নির্ধারিত স্তরে সনদায়ন করিবে।

(২) কর্তৃপক্ষ আন্তর্জাতিক প্রশিক্ষণ সনদের সমতায়ন করিয়া ফরম-২ অনুযায়ী সমতায়ন সনদ প্রদান করিতে পারিবে।

(৩) এই বিধির অধীন দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ সনদ ও ক্ষেত্রমতে এই সনদের সাথে আন্তর্জাতিক প্রশিক্ষণ সনদের সমতায়নের জন্য কর্তৃপক্ষ তফসিলে উল্লিখিত হারে ফি আদায় করিতে পারিবে।

১৩। **পারস্পরিক স্বীকৃতি।**—(১) কর্তৃপক্ষ অন্যান্য দেশ বা আঞ্চলিক জোট এর যোগ্যতা কাঠামোর সাথে সামঞ্জস্য রাখিয়া তদ্‌কর্তৃক প্রদত্ত সনদ এবং অন্যান্য দেশ কর্তৃক প্রদত্ত সমজাতীয় সনদের পারস্পরিক স্বীকৃতির উদ্দেশ্যে চুক্তি করিতে পারিবে।

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত চুক্তি সম্পাদনের উদ্দেশ্যে কর্তৃপক্ষ পররাষ্ট্র মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, বিদেশি দূতাবাস ও বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসসহ সংশ্লিষ্ট অন্যান্য কর্তৃপক্ষ বা সংস্থার সহযোগিতা গ্রহণ করিতে পারিবে।

১৪ । **শিল্প দক্ষতা পরিষদ গঠন, ইত্যাদি।**—(১) কর্তৃপক্ষ শিল্প খাত ও উপ-খাতের গতি-প্রকৃতি অনুযায়ী শিল্প দক্ষতা পরিষদ গঠন ও পরিচালনায় সহযোগিতা করিতে পারিবে।

(২) দক্ষতা উন্নয়নের প্রয়োজনে সংশ্লিষ্ট খাত বা উপ-খাত ইত্যাদির প্রশিক্ষণ চাহিদা ও কর্মসংস্থানের সুযোগ নিরূপণে কর্তৃপক্ষকে শিল্প দক্ষতা পরিষদ সহযোগিতা প্রদান করিবে।

(৩) শিল্প দক্ষতা পরিষদ শিল্প সংযুক্তি ও শিক্ষানবিশি কার্যক্রমের আওতায় দক্ষতা প্রশিক্ষণার্থীদের শিল্প সংযুক্তিতে সহযোগিতা প্রদান করিবে।

(৪) শিল্প দক্ষতা পরিষদ জাতীয় ও আন্তর্জাতিক শ্রম বাজারের চাহিদার পূর্বাভাস সম্পর্কিত তথ্য প্রকাশ, দক্ষতা সংক্রান্ত গবেষণা, জরীপ সম্পাদন করিয়া কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন পেশ করিবে।

(৫) শিল্প দক্ষতা পরিষদ সংশ্লিষ্ট খাত ও উপ-খাতে নিয়োজিত কর্মীদের আপ-স্কিলিং ও রি-স্কিলিং কার্যক্রমে সহযোগিতা প্রদান করিবে।

(৬) শিল্প দক্ষতা পরিষদ প্রশিক্ষণার্থী, প্রশিক্ষক ও অ্যাসেসর মূল্যায়ন কার্যক্রমে কর্তৃপক্ষকে সহযোগিতা প্রদান করিবে।

(৭) শিল্প দক্ষতা পরিষদ সক্ষমতাভিত্তিক প্রশিক্ষণ ও মূল্যায়ন পাঠ্যক্রম প্রস্তুত করিতে কর্তৃপক্ষকে সহযোগিতা প্রদান করিবে।

(৮) কর্তৃপক্ষ শিল্প দক্ষতা পরিষদ এর কর্মকান্ড পর্যবেক্ষণ ও পরিবীক্ষণ এবং প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান ও সমন্বয় সাধন করিবে।

১৫। **শিল্প সংযুক্তি শক্তিশালিকরণ।**—শিল্প সংযুক্তি শক্তিশালিকরণের উদ্দেশ্যে কর্তৃপক্ষ—

(ক) কোনো শিল্প প্রতিষ্ঠানে কোনো প্রশিক্ষণার্থীকে নির্দিষ্ট মেয়াদের জন্য শিল্প সংযুক্তি প্রদানের ব্যবস্থা গ্রহণ করিবে;

(খ) দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রতিষ্ঠানে ওয়ার্কশপ, ল্যাবরেটরি, ইত্যাদি উন্নয়নে সহায়তা প্রদানের জন্য শিল্প প্রতিষ্ঠানকে অনুরোধ করিতে পারিবে;

(গ) দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রতিষ্ঠানে খন্ডকালীন অভিজ্ঞ প্রশিক্ষক প্রদানের জন্য শিল্প প্রতিষ্ঠানকে অনুরোধ করিতে পারিবে; এবং

(ঘ) শিল্প প্রতিষ্ঠানের দক্ষ কর্মীর চাহিদার তথ্য দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রতিষ্ঠানকে অবহিত করিতে পারিবে।

১৬। **নিবন্ধন।**—(১) আইনের ধারা ১৬ এর উদ্দেশ্য পূরণকল্পে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান ও জাতীয় পর্যায়ে সনদ প্রদানে আগ্রহী প্রতিষ্ঠানকে তফসিলে উল্লিখিত নিবন্ধন ফি প্রদানপূর্বক ফরম-৩ অনুযায়ী নিবন্ধনের জন্য কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন আবেদন প্রাপ্তির পর কর্তৃপক্ষের নিকট যথাযথ বিবেচিত হইলে উক্ত প্রতিষ্ঠানকে নিবন্ধন করিয়া ফরম-৪ অনুযায়ী প্রয়োজনীয় শর্ত প্রতিপালন সাপেক্ষে, একটি নিবন্ধন সনদ প্রদান করিবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন প্রদত্ত নিবন্ধন সনদের মেয়াদ হইবে পাঁচ বৎসর।

(৪) কোনো নিবন্ধিত প্রতিষ্ঠান নিবন্ধন নবায়নে আগ্রহী হইলে নিবন্ধনের মেয়াদ উত্তীর্ণ হইবার অন্যূন তিন মাস পূর্বে নিবন্ধন নবায়নের জন্য তফসিলে উল্লিখিত নিবন্ধন নবায়ন ফি প্রদানপূর্বক ফরম-৫ অনুযায়ী কর্তৃপক্ষের নিকট আবেদন করিতে হইবে।

(৫) নিবন্ধন নবায়নের আগ্রহী প্রতিষ্ঠানের কার্যক্রম সম্পর্কে সন্তুষ্ট হইলে কর্তৃপক্ষ নিবন্ধন নবায়ন করিবে, অন্যথায় নিবন্ধন নবায়নের আবেদন না মঞ্জুর করিতে পারিবে।

(৬) এই বিধির অধীন কেহ কর্তৃপক্ষের আদেশ দ্বারা সংক্ষুব্ধ হইলে কর্তৃপক্ষের নিকট পুনর্বিবেচনার আবেদন করিতে পারিবে এবং এই ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত হইবে।

(৭) কর্তৃপক্ষ দ্রুত বর্ধনশীল ও পরিবর্তনশীল শিল্পখাতগুলোর জন্য শ্রেষ্ঠমানের দক্ষতা প্রশিক্ষণ কেন্দ্র (স্কিল সেন্টার অব এক্সিলেন্স) স্বীকৃতি প্রদান করিতে পারিবে।

(৮) কর্তৃপক্ষ দক্ষতা প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান নিবন্ধন প্রক্রিয়াকরণের নিমিত্ত গাইডলাইন জারি করিতে পারিবে।

১৭। **প্রতিযোগিতার আয়োজন, ইত্যাদি।**—(১) কর্তৃপক্ষ নির্ধারিত পেশায় আন্তর্জাতিক দক্ষতা প্রতিযোগিতার সাথে সমন্বয় করিয়া জাতীয় পর্যায়ে জাতীয় দক্ষতা প্রতিযোগিতার আয়োজন করিতে পারিবে।

(২) সরকারের অনুমোদন সাপেক্ষে, কর্তৃপক্ষ বিশ্ব দক্ষতা প্রতিযোগিতা ও বিভিন্ন আঞ্চলিক দক্ষতা প্রতিযোগিতা সংস্থা বা আয়োজক এর সদস্যপদ লাভ করিতে পারিবে।

(৩) নির্বাচিত পেশায় বৈশ্বিক ও আঞ্চলিক দক্ষতা প্রতিযোগিতায় প্রতিযোগিদের অংশগ্রহণের ক্ষেত্রে কর্তৃপক্ষ প্রয়োজনীয় সহায়তা প্রদান করিতে পারিবে।

১৮। **জনসচেতনতা সৃষ্টি।**—(১) কর্তৃপক্ষ দক্ষতা উন্নয়ন কার্যক্রমকে সকল নাগরিক বিশেষ করিয়া যুবসমাজের মধ্যে যথোপযুক্ত উপায়ে প্রচার ও জনসচেতনতা সৃষ্টিমূলক কার্যক্রম পরিচালনা করিতে পারিবে।

(২) কর্তৃপক্ষ জাতীয় দক্ষতা উন্নয়ন সংক্রান্ত সভা, সেমিনার, সিম্পোজিয়াম, কর্মশালা ইত্যাদি আয়োজন এবং জাতীয় ও আন্তর্জাতিক দিবস পালন ও অন্যান্য কর্মসূচির আয়োজন করিতে পারিবে।

(৩) কর্তৃপক্ষ প্রশিক্ষণ, প্রশিক্ষণ কেন্দ্র পরিদর্শন, সভা, সেমিনার, সিম্পোজিয়াম, কর্মশালা ইত্যাদিতে অংশগ্রহণকারীকে নির্ধারিত হারে সম্মানী প্রদান করিতে পারিবে।

**তফসিল**

**[বিধি ৯(১), ১২(৩) ও ১৬(৪) দ্রষ্টব্য]**

**বিভিন্ন বিষয়ে ফি'র হার**

| ক্রমিক নং | বিষয় | ফি'র পরিমাণ (টাকা) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ১ | পুর্বঅভিজ্ঞতার স্বীকৃতির জন্য আবেদন | ১,০০০/- |
| ২ | দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ সনদ | ১০০/- |
| ৩ | আন্তর্জাতিক প্রশিক্ষণ সনদের সমতায়ন | ১,০০০/- |
| ৪ | প্রশিক্ষণ প্রতিষ্ঠান নিবন্ধনের আবেদন | ৫,০০০/- |
| ৫ | প্রশিক্ষণ প্রতিষ্ঠান নিবন্ধন নবায়নের আবেদন | ৫,০০০/- |

**ফরম-১**

**[বিধি ৯(১) দ্রষ্টব্য]**

**পূর্বঅভিজ্ঞতার স্বীকৃতির আবেদন ফরম**

প্রার্থীর পাসপোর্ট আকারের ২ কপি ছবি ১.৫×১.৫

জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ
প্রধানমন্ত্রীর কার্যালয়
জাতীয় কারিগরি ও বৃত্তিমূলক যোগ্যতা কাঠামোর আওতায় (জাতীয় দক্ষতা লেভেল ............) এর পূর্বঅভিজ্ঞতার স্বীকৃতি (RPL) অ্যাসেসমেন্টে অংশগ্রহণের জন্য

**নিবন্ধন ফরম**

**শিক্ষাগত যোগ্যতার সনদ অনুসারে স্বহস্তে পূরণ করতে হবে**

১. প্রার্থীর পূর্ণ নাম : বাংলায় ..........................................................................................
স্পষ্টাক্ষরে ইংরেজিতে বড় হাতের অক্ষরে | | | | | | | | | | | | | | | | | | | | | |

২. পিতার নাম : বাংলায় ..........................................................................................
স্পষ্টাক্ষরে ইংরেজিতে | | | | | | | | | | | | | | | | | | | | | |

৩. মাতার পূর্ণ নাম : বাংলায় ..........................................................................................
স্পষ্টাক্ষরে ইংরেজিতে | | | | | | | | | | | | | | | | | | | | | |

৪. অভিভাবকের নাম : বাংলায় ..........................................................................................

৫. বর্তমান ঠিকানা : ..........................................................................................
উপজেলা : ........................................... জেলা : .......................................
মোবাইল : ..................................................................... ই-মেইল : .......................

৬. স্থায়ী ঠিকানা : গ্রাম/এলাকা : .......................... সড়ক : ......................... ডাকঘর : ..............
উপজেলা : ........................................... জেলা : .......................................

৭. জাতীয়তা : .............................. জন্ম তারিখ : .............................. ধর্ম : .....................

৮. জাতীয় পরিচয়পত্র : .............................. লিংগ : পুরুষ/মহিলা/হিজরা : প্রতিবন্ধী কিনা : হ্যাঁ/না

৯. শিক্ষাগত যোগ্যতা :

| পরীক্ষা/শ্রেণি | শিক্ষা প্রতিষ্ঠান/বোর্ড | পাশের সনদ | জিপিএ/মোট নম্বর | বিভাগ/(প্রযোজ্যক্ষেত্রে) |
|---|---|---|---|---|
| | | | | |

১০. অ্যাসেসমেন্টে অংশগ্রহণে ইচ্ছুক অকুপেশনের নাম : ................................ (জাতীয় দক্ষতা লেভেল........)

১১. স্ব-নিয়োজিত/কর্মরত শিল্পকারখানার নাম ও ঠিকানা : ................................................................

১২. সংযোজন যোগ্য : ক. পরীক্ষায় সনদপত্রের সত্যায়িত কপি ।
খ. শিল্পকারখানা কর্তৃক প্রদত্ত অভিজ্ঞতার সনদের/স্ব-সনদপত্রের কপি।
গ. পাসপোর্ট আকারের ২ কপি সত্যায়িত ছবি।

আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ

**ফরম-২**
[বিধি ১২(২) দ্রষ্টব্য]
**সমতায়ন সনদ**

Serial No.:
Registration:
Session:
Issue Date:
Valid Till:

## Statement of Equivalent Qualification

to

**National Skills Development Authority (NSDA)**

This statement of equivalence is granted to

____________________________

who has completed a qualification in ____________________, Level ___

from ______________________________, ____________;

determined by NSDA to be equivalent to the qualification listed bellow in accordance with the approved Competency Standard of Qualification Framework, Bangladesh.

Occupation: _______________
Level: __
Date of Issue: __ _______, _____

| | |
|---|---|
| **Designated Official of NSDA** | **Designated Official of NSDA** |
| Name: | Name: |
| Designation: | Designation: |
| National Skills Development Authority | National Skills Development Authority |
| Date: | Date: |

**ফরম-৩**
**[বিধি ১৬(১) দ্রষ্টব্য]**

**দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রতিষ্ঠান নিবন্ধনের আবেদন ফরম**

**জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ**
**প্রধানমন্ত্রীর কার্যালয়**

**দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রতিষ্ঠান নিবন্ধন ফরম**

| | | |
|---|---|---|
| প্রতিষ্ঠানের নাম : | বাংলায় : | |
| | ইংরেজিতে : | |

## ১. প্রতিষ্ঠান সম্পর্কিত সাধারণ তথ্য

| | | | |
|---|---|---|---|
| প্রতিষ্ঠান প্রকৃতি | ▼ | প্রতিষ্ঠানের মালিকানার প্রকৃতি | ▼ |
| প্রতিষ্ঠানের ধরণ | ▼ | পরিচালনার স্থান | ▼ |
| মন্ত্রণালয়/বিভাগ | ▼ | দপ্তর/অধিদপ্তর | ▼ |
| স্থাপনের তারিখ | দিন/মাস/বছর | প্রতিষ্ঠানটির অবস্থান | ▼ |
| প্রতিষ্ঠানের মিশন | | | |
| প্রতিষ্ঠানের ভিশন | | | |
| প্রতিষ্ঠানের উদ্দেশ্য | | | |

## ২. যোগাযোগের ঠিকানা

| | | | |
|---|---|---|---|
| গ্রাম/হোল্ডিং নং/সড়ক নং | | পোস্ট অফিস | |
| | | পোস্ট কোড | |
| উপজেলা/থানা | | জেলা | |
| বিভাগ | | ফোন/মোবাইল | |
| ই-মেইল | | ওয়েবসাইট | |

## ৩. প্রতিষ্ঠান পরিচালনা/ব্যবস্থাপনা কমিটি (প্রযোজ্যক্ষেত্রে)

প্রতিষ্ঠানের কমিটি আছে কিনা? হ্যাঁ/না যদি হ্যাঁ হয়, নিম্নের তথ্য সরবরাহ করুন

| | | | |
|---|---|---|---|
| কমিটির সদস্য সংখ্যা | | কমিটিতে নারী সদস্য সংখ্যা | |
| কমিটির অনুমোদনের তারিখ | দিন/মাস/বছর | কমিটির মেয়াদ উত্তীর্ণের তারিখ | দিন/মাস/বছর |
| সদস্যদের নাম | | পদবি | |

## ৪. ভৌত সুযোগ-সুবিধা

| | | | |
|---|---|---|---|
| ভবনের প্রকৃতি | ▼ | ফ্লোর সংখ্যা | |
| মোট কক্ষ সংখ্যা | | শ্রেণি কক্ষ সংখ্যা | |
| ভবনের সম্পূর্ণ জায়গার আয়তন (বর্গ মিটার) | | কম্পিউটার ল্যাবের সংখ্যা | |
| কম্পিউটার ল্যাবের আয়তন | | ওয়ার্কসপের সংখ্যা | |
| ওয়ার্কসপের আয়তন | | অফিস কক্ষের সংখ্যা | |
| প্রশিক্ষক কক্ষ সংখ্যা | | শৌচাগারের সংখ্যা | |
| ছাত্রী শৌচাগারের সংখ্যা | | প্রতিষ্ঠানটি প্রতিবন্ধী বান্ধব কি না | হ্যাঁ/না |
| বিদ্যুৎ সংযোগ আছে কি না | হ্যাঁ/না | ইন্টারনেট সংযোগ আছে কি না | হ্যাঁ/না |
| বিশুদ্ধ পানি ব্যবস্থা আছে কি না | হ্যাঁ/না | পাঠাগার আছে কি না | হ্যাঁ/না |
| অগ্নি বির্নাপন ব্যবস্থা আছে কি না | হ্যাঁ/না | ভেনটিলেশন সুবিধা আছে কি না | হ্যাঁ/না |

## ৫. পেশাভিত্তিক প্রশিক্ষক

| ক্রমিক নং | ট্রেড/পেশার নাম | প্রশিক্ষকদের পদ সংখ্যা | সার্টিফাইড প্রশিক্ষকদের সংখ্যা | পূর্ণকালীন কতজন | খন্ডকালীন কতজন | অতিথি প্রশিক্ষক কতজন | মহিলা কতজন | শূন্য পদ কয়টি |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |

## ৬. সহায়ক জনবল

| ক্রমিক নং | পদের নাম | সংখ্যা | স্থায়ী/অস্থায়ী | মহিলা | শূন্য পদ কয়টি |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

## ৭. প্রতিষ্ঠানের আয়-ব্যয় এবং তহবিল (প্রযোজ্য ক্ষেত্রে)

**বিগত অর্থ বছরের প্রতিষ্ঠানে আয়-ব্যয়ের তথ্য**

| ক্রমিক নং | আয় এর উৎস্য | টাকা | ব্যয় এর খাত | টাকা |
|---|---|---|---|---|
| ১. | ছাত্র/ছাত্রীদের বেতন | | শিক্ষক/কর্মচারীদের বেতন | |
| ২. | নিজস্ব সম্পত্তি হতে আয় | | আনুসংগীক ব্যয় | |
| ৩. | সরকারি/উন্নয়ন সহযোগী | | মেরামত ব্যয় | |
| ৪. | উন্নয়ন চাঁদা | | পরীক্ষা বাবদ ব্যয় | |
| ৫. | পরীক্ষার ফিস | | ভ্রমণ ব্যয় | |
| ৬. | ভর্তি ফি | | বই ক্রয় বাবদ | |
| ৭. | সেশন চার্জ | | শিক্ষা/প্রশিক্ষণ উপকরণ ক্রয় | |
| ৮. | উৎপাদিত পণ্য বিক্রয় | | কাঁচামাল সংগ্রহ | |
| ৯. | অন্যান্য | | অন্যান্য | |
| | মোট : | | | |

সংরক্ষিত তহবিল (টাকায়) ....................... সাধারণ তহবিল (টাকায়) ................

এফডিআর ........................................... অন্যান্য ......................................

ব্যাংকের নাম এবং শাখা ........................... হিসাব নং ...................................

ব্যাংক ব্যালান্স .......................................

## ৮. উপকরণ এর তালিকা

| ক্রমিক নং | ট্রেডের নাম | উপকরণ/যন্ত্রপাতি এবং সরঞ্জামের নাম | সংখ্যা |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |

## ৯. শিক্ষা সহায়ক উপকরণ

| ক্রমিক নং | উপকরণের নাম | সংখ্যা |
|---|---|---|
| | | |
| | | |
| | | |

## ১০. আসবাবপত্র

| ক্রমিক নং | আসবাবপত্রের নাম | সংখ্যা |
|---|---|---|
| | | |
| | | |
| | | |

ইনস্টিটিউট প্রধানের সীলসহ স্বাক্ষর

সুপারিশ কমিটির মন্তব্য :

| |
|---|
| |

| | | |
|---|---|---|
| ____________________<br>সহকারী পরিচালক<br>(প্রতিষ্ঠান নিবন্ধন) | ______________<br>উপপরিচালক<br>(পরিবীক্ষণ) | ______________<br>পরিচালক<br>(পেশাগত দক্ষতামান) |

প্রতিষ্ঠানের নিবন্ধন সংক্রান্ত তথ্য (এনএসডিএ কর্তৃক প্রদত্ত)

| | | |
|---|---|---|
| নিবন্ধন নম্বর | : | |
| নিবন্ধনের তারিখ | : | |

**ফরম-৪**

[বিধি ১৬(২) দ্রষ্টব্য]

**প্রশিক্ষণ প্রতিষ্ঠান নিবন্ধন সনদ**

# National Skills Development Authority

Prime Minister's Office

Government of the People's Republic of Bangladesh

## Certificate of Registration

This is to certify that

Address :

Upazila/Thana :

District :

Country :

Post Code :

is registered as a Skills Training Provider/Institute by the National Skills Development Authority (NSDA) under the sub-section (1) of Section 16 of the NSDA Act, 2018.

Registration is subject to continue the compliances with the provision of Skills Development Training Institute Registration Guideline-2019.

Registration No:

Issued on :

Valid until:

**Director**
(Skills Standard)
National Skills Development Authority

**Member**
(Skills Standard & Certification)
National Skills Development Authority

**ফরম-৫**

**[বিধি ১৬(৪) দ্রষ্টব্য]**

**প্রশিক্ষণ প্রতিষ্ঠান নবায়নের আবেদন ফরম**

**জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ**

**প্রধানমন্ত্রীর কার্যালয়**

প্রতিষ্ঠানের নাম : বাংলায় : 

ইংরেজিতে : 

প্রতিষ্ঠানের নিবন্ধন নম্বর : 

## ১. যোগাযোগের ঠিকানা

| | | | |
|---|---|---|---|
| গ্রাম/হোল্ডিং নং/সড়ক নং | | পোস্ট অফিস | |
| উপজেলা/থানা | | জেলা | |
| বিভাগ | | ফোন/মোবাইল | |
| ই-মেইল | | ওয়েব সাইট | |

## ২. ভৌত সুযোগ-সুবিধা

| | | | |
|---|---|---|---|
| ভবনের প্রকৃতি | ▼ | ফ্লোর সংখ্যা | |
| মোট কক্ষ সংখ্যা | | শ্রেণি কক্ষ সংখ্যা | |
| ভবনের সম্পূর্ণ জায়গার আয়তন (বর্গ মিটার) | | কম্পিউটার ল্যাবের সংখ্যা | |
| কম্পিউটার ল্যাবের আয়তন | | ওয়ার্কসপের সংখ্যা | |
| ওয়ার্কসপের আয়তন | | অফিস কক্ষের সংখ্যা | |
| প্রশিক্ষক কক্ষ সংখ্যা | | শৌচাগারের সংখ্যা | |
| ছাত্রী শৌচাগারের সংখ্যা | | প্রতিষ্ঠানটি প্রতিবন্ধী বান্ধব কি না? | হ্যাঁ/না |
| বিদ্যুৎ সংযোগ আছে কি না? | হ্যাঁ/না | ইন্টারনেট সংযোগ আছে কি না? | হ্যাঁ/না |
| বিশুদ্ধ পানি ব্যবস্থা আছে কি না | হ্যাঁ/না | পাঠাগার আছে কি না? | হ্যাঁ/না |
| অগ্নি নির্বাপণ ব্যবস্থা আছে কি না | হ্যাঁ/না | ভেনটিলেশন সুবিধা আছে কি না? | হ্যাঁ/না |

**৩. পেশাভিত্তিক প্রশিক্ষক**

| ক্রমিক নং | ট্রেড/পেশার নাম | প্রশিক্ষকদের পদসংখ্যা | সার্টিফাইড প্রশিক্ষকদের সংখ্যা | পূর্ণকালীন কতজন | খণ্ডকালীন কতজন | অতিথি প্রশিক্ষক কতজন | মহিলা কতজন | শূন্য পদ কয়টি |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | |
| | | | | | | | | |
| | | | | | | | | |

**৪. সহায়ক জনবল**

| ক্রমিক নং | পদের নাম | সংখ্যা | স্থায়ী/অস্থায়ী | মহিলা | শূন্য পদ কয়টি |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

সংরক্ষিত তহবিল (টাকায়) ...................... সাধারণ তহবিল (টাকায়) ...............
এফডিআর .......................................... অন্যান্য ....................................
ব্যাংকের নাম এবং শাখা .......................... হিসাব নং ..................................
ব্যাংক ব্যালান্স .......................................

**৫. উপকরণ এর তালিকা**

| ক্রমিক নং | ট্রেডের নাম | উপকরণ/যন্ত্রপাতি এবং সরঞ্জামের নাম | সংখ্যা |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |

**৬. শিক্ষা সহায়ক উপকরণ**

| ক্রমিক নং | উপকরণের নাম | সংখ্যা |
|---|---|---|
| | | |
| | | |
| | | |

**৭. আসবাবপত্র**

| ক্রমিক নং | আসবাবপত্রের নাম | সংখ্যা |
|---|---|---|
| | | |
| | | |
| | | |

__________________________

ইন্সটিটিউট প্রধানের সীলসহ স্বাক্ষর

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. আহমদ কায়কাউস**
মুখ্য সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd